# ALL INDIA RADIO
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 06.10.2023** **Time: 7.35 A.M.**

-
বিশেষ বিশেষ খবর –

১) মেঘভাঙা বৃষ্টি ও বন্যায় বিপর্যস্ত সিকিমে এখন শুধু ধ্বংস ও হাহাকারের ছবি। গতকাল পর্যন্ত এরাজ্যে উদ্ধার হয়েছে ১৮ জনের দেহ।

তিস্তায় ভেসে আসা মর্টার থেকে বিস্ফোরণে ময়নাগুড়িতে এক বালকের মৃত্যু হয়েছে। আহত ৬।

২) রাজভবনের সামনে তৃণমূল কংগ্রেসের ধর্না অবস্থান চলছে। অন্যদিকে, উত্তরবঙ্গ থেকে ফের দিল্লি গেছেন রাজ্যপাল।

৩) পুরসভায় নিয়োগ দুর্নীতির তদন্তে রাজ্যের খাদ্যমন্ত্রীর বাড়িতে ১৯ ঘণ্টার বেশি তল্লাশি চালিয়েছে ইডি।

৪) প্রাথমিকে নিয়োগ দুর্নীতি মামলার তদন্ত ৩১-শে ডিসেম্বরের মধ্যে শেষ করার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৫) UGC-র যোগ্যতামান না থাকায় যোগেশচন্দ্র ল কলেজের অধ্যক্ষ এবং এক অধ্যাপিকাকে হাইকোর্ট সরিয়ে দিয়েছে।

ooooooooooooooo

মেঘভাঙা বৃষ্টি এবং লোনাক হ্রদ উপচে বন্যায় বিপর্যস্ত সিকিমে এখন শুধু ধ্বংসের ছবি আর হাহাকার। উদ্ধার হচ্ছে একের পর এক দেহ। গতকাল বিকেল পর্যন্ত ১৮ জনের দেহ উদ্ধার হয়েছে বলে নবান্ন জানিয়েছে। এর মধ্যে ১৫ জনের দেহ মিলেছে জলপাইগুড়ি জেলায়। কোচবিহারের মেখলিগঞ্জে তিস্তা থেকে উদ্ধার হয়েছে ২-টি দেহ।

যুদ্ধকালীন তৎপরতায় চলছে ত্রাণ ও উদ্ধারের কাজ। যত দ্রুত সম্ভব ১০ নম্বর জাতীয় সড়ক মেরামত করার চেষ্টা চলছে। আটকে পড়েছেন বহু পর্যটক। এর মধ্যে বাংলার অনেক পর্যটক রয়েছেন। তিস্তার হড়পা বানে ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে উত্তরবঙ্গের জলপাইগুড়ি, দার্জিলিং, কালিম্পং ও কোচবিহার জেলাও। এই চার জেলায় ২৫-টি আশ্রয় শিবিরে ঠাঁই নিয়েছেন সাড়ে তিন হাজারের বেশি মানুষ।

অন্যদিকে দক্ষিণবঙ্গে ডিভিসির পাঞ্চেত ও মাইথন জলাধার থেকে জল ছাড়ার পরিমাণ গত সন্ধ্যায় বেড়ে হয়েছে ৯৫ হাজার কিউসেক। ফলে হুগলীর খানাকুল, আরামবাগ, তারকেশ্বর, হাওড়ার আমতা, উদয়ানারায়ণপুর সহ বানভাসী এলাকাগুলির পরিস্থিতিতে অবনতির আশঙ্কা। দুর্গাপুর ব্যারেজ থেকে জল ছাড়ার পরিমাণ কিছুটা কমে হয়েছে ৮৩ হাজার কিউসেক।

হাওড়া, হুগলী, পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া ও বাঁকুড়া জেলায় দুর্গতদের জন্য ১৬৬-টি ত্রাণ শিবির খোলা হয়েছে। আশ্রয় নিয়েছেন ৫ হাজার ৬-শোর বেশি মানুষ।

ooooooooooooooo

সিকিমে হড়পা বানে কোচবিহারের দিনহাটার এক যুবকের মৃত্যুতে ভেটাগুড়ি এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। রাহুল মোদক নামে বছর ২৭-এর ওই

যুবক ভেটাগুড়ি এক নম্বর গ্রাম পঞ্চায়েতের রুয়ের কুঠি এলাকার বাসিন্দা। সিকিমের রংপোতে, একটি বেসরকারি ব্যাঙ্কে তিনি কর্মরত ছিলেন।

মঙ্গলবার তিস্তা নদীতে হড়পা বাণে ভেসে যান তিনি। শিলিগুড়ির কাছে তাঁর দেহ উদ্ধার হয়

ooooooooooooooo

জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ির ক্রান্তি ব্লকে তিস্তা পাড়ের চাঁপাডাঙ্গায় মর্টার বিস্ফোরণে এক বালকের মৃত্যু হয়েছে। আহত ছ জন। স্থানীয় সুত্রে জানা গেছে, সিকিমে প্রাকৃতিক বিপর্যয়ে ধ্বংস হয়ে যাওয়া সেনা শিবির থেকে মর্টার শেলটি ভেসে এসেছিল। নদীর পাড় থেকে সেটি কুড়িয়ে বাড়ীতে নিয়ে যান স্থানীয় এক বাসিন্দা। ভারী লোহার বস্তু দিয়ে তাতে আঘাত করতেই ঘটে যায় বিস্ফোরণ। নিহত হয় ৮ বছরের সাহিনুর আলম। আহতদের মধ্যে রয়েছেন এক মহিলা ও এক কিশোরী। জলপাইগুড়ি হাসপাতালে তিনজনের চিকিৎসা চলছে। তিনজনকে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার করা হয়।

তৃণমুল কংগ্রেসের জেলা সভানেত্রী, জেলা পরিষদের সদস্য মহুয়া গোপ জানিয়েছেন, সিকিমে তিস্তার বাঁধ ভাঙা বন্যায় সেনা ছাউনির বহু অস্ত্রশস্ত্র, জিনিসপত্র ভেসে যায়। সম্ভবত তার মধ্যেই ছিল মর্টার শেলটি।

ooooooooooooooo

১-শো দিনের কাজ প্রকল্পে রাজ্যের বকেয়া পাওনা না মেটানো নিয়ে কেন্দ্র – রাজ্য বাগ্ যুদ্ধের মধ্যেই গ্রামোন্নয়ন মন্ত্রক জানিয়েছে, MGNAREGA-র বাস্তবায়নে অর্থের যোগান কোন অন্তরায় নয়, কারণ এটি চাহিদা ভিত্তিক কর্মসংস্থানের প্রকল্প। রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে এই প্রকল্পে অর্থ দেওয়া একটি নিয়মিত প্রক্রিয়া। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রের নীতি নির্দেশিকা না মানায়

মহাত্মা গান্ধী জাতীয় রোজগার নিশ্চয়তা আইনের ২৭ নম্বর ধারা অনুযায়ী গত বছর মার্চ থেকে রাজ্যকে এই প্রকল্প বাবদ অর্থ দেওয়া বন্ধ রাখা হয়েছে। ব্যাখ্যা দিয়ে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রক জানিয়েছে, ১-শো দিনের কাজ করতে আসা সবাইকে আধার নম্বর দেওয়ার অনুরোধ করার জন্য রাজ্যগুলিকে বলা হয়েছে। কিন্তু এজন্য তাকে কাজ না দিয়ে ফিরিয়ে দেওয়া যাবে না। আধার পেমেন্ট ব্রিজ সিস্টেম – APBS-এ নাম না থাকা, কোন শ্রমিকের জব কার্ড বাতিল করার ভিত্তি হতে পারে না বলেও মন্ত্রক স্পষ্ট জানিয়েছে।

এদিকে, ১-শো দিনের কাজ ও আবাস যোজনার টাকা বন্ধ রেখে বাংলাকে বঞ্চনার অভিযোগ নিয়ে রাজ্যপালের সঙ্গে সাক্ষাতের দাবিতে অনড় তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় রাজভবনের সামনে ধর্ণা অবস্থান চালিয়ে যাচ্ছেন। সঙ্গে রয়েছেন, দলের নেতা সাংসদ মন্ত্রী ও কর্মী সমর্থকরা। রাজ্যপালের সঙ্গে দেখা করতে চেয়ে গতকাল দ্বিতীয় চিঠি দিয়েছে তৃণমূল কংগ্রেস। দলের প্রতিনিধিরা রাজভবনের সচিবালয়ে গিয়ে সেই চিঠি জমা দেন। প্রথম চিঠির জবাবে রাজ্যপাল তাঁদের উত্তরবঙ্গে গিয়ে দেখা করতে বলায় ধর্ণা মঞ্চে অভিষেক একে জমিদারি মানসিকতা বলে কটাক্ষ করেন।

(বাইট)

জবাবে রাজ্যপাল বলেছেন, মাটির কাছে যাওয়া কোন জমিদারি নয়। বরং মাটির কাছে যেতে অস্বীকার করে শহরের রাজপ্রাসাদ থেকে কৃষকদের নিয়ন্ত্রণ করাই হলো নব্য জমিদারি। তৃণমূল কংগ্রেসের রাজভবন ঘেরাও কর্মসূচীর প্রত্যুত্তরে রাজ্যপালের মন্তব্য ঘেরাও নয়, ঘরে এসো। ঈশ্বর সবাইকে সুমতি দিন।

বন্যা ও ধ্বসে বিপর্যস্ত উত্তরবঙ্গের বিভিন্ন এলাকা রাজ্যপাল গতকাল ঘুরে দেখেন। শিলিগুড়িতে তাকে কালো পতাকা দেখায় তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকরা। কালিম্পং-এর আটমাইলের কাছে শ্বেতীঝোরায় ধ’সে যাওয়া রাস্তা

পরিদর্শনের পর রাজ্যপাল বলেন, প্রাকৃতিক বিপর্যয় এড়াতে প্রকৃতিকে রক্ষা করা প্রয়োজন।

(বাইট)

তবে, উত্তরবঙ্গ থেকে রাজ্যপাল সি ভি আনন্দ বোস ফের দিল্লি চলে যাওয়ায়, কবে, কখন তিনি কলকাতায় ফিরছেন তা জানা যায়নি।

ooooooooooooooo

পুরসভায় নিয়োগ দুর্নীতির তদন্তে ইডি রাজ্যের খাদ্যমন্ত্রী রথীন ঘোষের বাড়িতে ১৯ ঘণ্টার বেশি তল্লাশি চালিয়েছে। রাত পৌনে ২-টো নাগাদ উত্তর ২৪ পরগনার মধ্যগ্রামের মাইকেল নগরে খাদ্যমন্ত্রীর বাড়ি থেকে বেরোন ইডি আধিকারিকরা। তাঁদের লক্ষ্য করে ধিক্কার শ্লোগান দেন মন্ত্রীর অনুগামীরা।

পরে সাংবাদিকদের শ্রী ঘোষ বলেন, ইডির তদন্তকারীরা তাঁর সঙ্গে কোন খারাপ ব্যবহার করেননি। তবে, পুরসভায় নিয়োগ নিয়ে তাদের ধারনায় অনেক গোলমাল আছে। এই তল্লাশি সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলে দাবি করেন তিনি।

খাদ্যমন্ত্রীর বাড়ি সহ ১৪-টি জায়গায় ইডি গতকাল তল্লাশি চালায়। এর মধ্যে ছিল সল্টলেকে আই এ এস আধিকারিক জ্যোতিষ্মান চট্টোপাধ্যায়ের বাড়িও। কামারহাটি পুরসভার চেয়ারম্যান গোপাল সাহা, বরানগরের উপ-পৌর প্রধান অপর্না মৌলিক এবং দক্ষিণ দমদম পুরসভার ভাইস চেয়ারম্যান নিতাই দত্তের বাড়িতেও মধ্য রাত পর্যন্ত চলে তল্লাশি। কাঁচরাপাড়া পুরসভার কর্মী মিজানুর রহমানের ভাড়া বাড়িতেও তল্লাশি চালানো হয়।

উল্লেখ্য, অয়ন শীলের সল্টলেকের অফিস থেকে উদ্ধার হওয়া নথিপত্রে, ২০১৪ থেকে ১৮-র মধ্যে রাজ্যের বিভিন্ন পুরসভায় নিয়োগ দুর্নীতির বিষয়টি প্রকাশ্যে আসে।

০০০০০০০০০০০০০০

প্রাথমিকে নিয়োগ দুর্নীতি মামলার তদন্ত ৩১শে ডিসেম্বরের মধ্যে শেষ করার নির্দেশ দিয়েছে কলকাতা হাই কোর্ট। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের দায়ের করা মামলার শুনানিতে গতকাল ইডির তদন্ত নিয়ে অসন্তোষ প্রকাশ করেন বিচারপতি সৌমেন সেন এবং বিচারপতি উদয় কুমারের ডিভিশন বেঞ্চ। ইডির আধিকারিকদের উদ্দেশে তাঁরা বলেন, ১৯ মাস ধরে তদন্ত চলছে। এটা অনন্তকাল ধরে চলতে পারে না। এর পরই তদন্ত শেষ করার জন্য কার্যত ৩১শে ডিসেম্বরের সময়সীমা বেঁধে দেওয়া হয়। এর পাশাপাশি, ইডির কাছে লিপস অ্যান্ড বাউন্ডস সংস্থার সিইও, তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে ১০ই অক্টোবরের মধ্যে সমস্ত নথি জমা দিতেই হবে বলেও বিচারপতি সৌমেন সেন এবং বিচারপতি উদয় কুমারের ডিভিশন বেঞ্চ গতকাল নির্দেশ দিয়েছেন। সেই নথি দেখে সন্তুষ্ট না হলে অভিষেককে সমন পাঠাবে ইডি। সমন পাঠানোর আগে ৪৮ ঘণ্টা সময় দিতে হবে। ফলে ৯ই অক্টোবর তাঁকে ইডির কাছে হাজিরা দিতে হবে না। পুজোর মধ্যে ১৯ থেকে ২৬ তারিখ পর্যন্ত অভিষেককে ডেকে পাঠানো যাবে না বলেও ইডিকে স্পষ্ট জানিয়ে দিয়েছেন ডিভিশন বেঞ্চ।

বিচারপতি অমৃতা সিনহার নির্দেশকে চ্যালেঞ্জ করে হাইকোর্টের ডিভিশন বেঞ্চে গিয়েছিলেন অভিষেক। তাঁর আইনজীবী অভিষেক মনু সিংভি সিঙ্গল বেঞ্চের ২৫ এবং ২৭ শে সেপ্টেম্বরের নির্দেশের ওপর স্থগিতাদেশ দেওয়ার আবেদন জানান। কিন্তু সেই আর্জি মানেনি আদালত। অন্যদিকে ইডির তরফে জানানো হয়,

তারা এখনই অভিষেককে জিজ্ঞাসাবাদ শুরু করতে চাইছে। দু পক্ষের বক্তব্য শোনার পর ডিভিশন বেঞ্চ বলেন, আগে অভিষেকের পাঠানো নথি খতিয়ে দেখা হোক। তাতে সন্তুষ্ট না হলে তাঁকে জিজ্ঞাসাবাদের জন্য তলব করতে পারবে ইডি।

ooooooooooooooo

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের যোগ্যতামান না থাকায় কলকাতার যোগেশচন্দ্র ল কলেজের অধ্যক্ষা এবং এক অধ্যাপিকাকে সরিয়ে দিল কলকাতা হাই কোর্ট। বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়, অধ্যক্ষা সুনন্দা ভট্টাচার্য গোয়েঙ্কা এবং অধ্যাপিকা অচিনা কুন্ডুকে পদ থেকে অপসারণের নির্দেশ দিয়েছেন। আজ থেকে তাঁরা আর কলেজে ঢুকতে পারবেন না। নিয়োগ দুর্নীতি কান্ডে অভিযুক্ত মানিক ভট্টাচার্য যোগেশচন্দ্র ল কলেজের অধ্যক্ষ থাকাকালীন, উপযুক্ত যোগ্যতা না থাকা সত্ত্বেও বেশ কয়েক জন অধ্যাপককে নিয়োগ করেছিলেন বলে অভিযোগ ওঠে।

তবে অপসারিত দু'জন যদি তাঁদের যোগ্যতা সম্পর্কে আদালতকে সন্তুষ্ট করতে পারেন, তা হলে তাঁদের পুনর্বহাল করা হবে বলে জানিয়েছেন বিচারপতি গঙ্গোপাধ্যায়। আদালত নিযুক্ত বিশেষ আধিকারিক, আইনজীবী অর্ক কুমার নাগ, রাতেই কলেজে গিয়ে বিচারপতির নির্দেশ মেনে অধ্যক্ষের ঘরে তালা লাগান। আজ কলেজের পরিচালন সমিতির নির্বাচন হওয়ার কথা ছিল। কিন্তু তার ওপরও অন্তর্বর্তী স্থগিতাদেশ জারি করেছে হাই কোর্ট।

মামলাকারীর অভিযোগ, কয়েকজন দুষ্কৃতী কলেজকে অসামাজিক আখড়ায় পরিণত করেছে। অভিযোগ খতিয়ে দেখে পুলিশকে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন বিচারপতি গঙ্গোপাধ্যায়। ৯ ই অক্টোবরের মধ্যে দুষ্কৃতীদের তিনি আদালতে হাজির করতে বলেছেন।

০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদের সুতিতে তৃণমূল কংগ্রেস কর্মী প্রবীর দাসের খুনের ঘটনায় পুলিশ তাঁর স্ত্রী রাখী দাসকে গ্রেফতার করেছে। এই হত্যায় প্রত্যক্ষভাবে যুক্ত থাকার অভিযোগে ইতমধ্যেই গ্রেফতার হয়েছে রাখীর প্রেমিক সৌমেন দাস এবং দুই ভাড়াটে খুনী সুদীপ দাস ও আজমাউর শেখ। হেফাজতে নিয়ে তাদের জেরা করে রাখীর ভূমিকার কথা জানতে পারে পুলিশ। জানা যায়, রাখী ও সৌমেনের কাছ থেকে ৩০ হাজার টাকা নিয়ে মঙ্গলবার রাতে সুতির হাফানিয়ায় পোল্ট্রী ফার্মে তৃণমূল কংগ্রেসের কর্মী প্রবীর দাসকে গুলি করে শুটাররা।

০০০০০০০০০০০০০০০

কলকাতায় আগামী ২৮ শে অক্টোবর মোহনবাগান সুপার জায়ান্ট ও ইস্টবেঙ্গলের মধ্যে আইএসএলের ডার্বি ম্যাচ, লক্ষী পুজোর জন্য স্থগিত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পরিবর্তিত দিনক্ষণ অবশ্য জানানো হয়নি।

ঐ দিন মুম্বই সিটি এফসি বনাম হায়দ্রাবাদ এফসির ম্যাচটি মুম্বইয়ে বিকেল সাড়ে পাঁচটার পরিবর্তে শুরু হবে রাত আটটায়। এছাড়া ২১ শে অক্টোবর সপ্তমীর দিন ইস্টবেঙ্গল ও এফসি গোয়ার মধ্যে ম্যাচটি কলকাতার পরিবর্তে ভুবনেশ্বরে অনুষ্ঠিত হবে।

০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০